সমকাল

তারিখ ০১ JUL 2015
পৃষ্ঠা ৬ কলাম ৪

# নবীন শিক্ষার্থীদের ক্ষমতা দেখাতে ছাত্রলীগের সন্ত্রাস

**একাদশে ভর্তি**

■ নিজস্ব প্রতিবেদক, *কুমিল্লা*

একাদশ শ্রেণীতে ভর্তির মৌসুমে প্রতি বছরই দেশের বিভিন্ন কলেজে ছাত্র সংগঠনগুলোর প্রভাব, ক্ষমতা প্রদর্শনের ঘটনা ঘটে। নবীন ছাত্রছাত্রীদের সামনে ক্ষমতা প্রদর্শনে চলে নানা সংঘর্ষের ঘটনা এবং কলেজ ক্যাম্পাসে শোডাউন। চলতি বছরেও কুমিল্লা ভিক্টোরিয়া কলেজে ভর্তি হতে আসা শিক্ষার্থীদের তেমন তথ্য জানান দিয়ে ছাত্রলীগের নেতাকর্মীরা কলেজ ক্যাম্পাসে ককটেল বিস্ফোরণের মধ্য দিয়ে আতঙ্ক ছড়িয়েছে বলে অভিযোগ উঠেছে। গতকাল সকালে এমন ঘটনা ঘটে।

স্থানীয় সূত্র জানায়, গত ৫-৬ বছর ধরেই উচ্চ মাধ্যমিক শাখায় ভর্তির প্রথম দু'দিন অনবরত ককটেল বিস্ফোরণ এবং দুই গ্রুপে ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনা ঘটিয়ে আসছে ছাত্রলীগ। গতকাল তার ব্যতিক্রম হয়নি। বেলা সাড়ে ১১টায় নতুন শিক্ষার্থীরা যখন ভর্তি হতে ক্যাম্পাসে এসে জড়ো হয়েছে, ঠিক তখনি নিজেদের আধিপত্যের অবস্থান জানান দেওয়ার জন্য পরপর দুটি ককটেলের বিস্ফোরণ ঘটায় ছাত্রলীগের দুই গ্রুপ। এ সময় একবার দুই গ্রুপে ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনা ঘটে। এ সময় শিক্ষার্থীরা ভয়ে চারদিকে ছোটাছুটি শুরু করে।

ভর্তি হতে আসা মিঠু নামের এক শিক্ষার্থী জানায়: ভর্তির প্রথম দিনেই ককটেল বিস্ফোরণ। তার প্রশ্ন, এখানে পড়ালেখার পরিবেশ কীভাবে পাবে।

ককটেল বিস্ফোরণের পর কান্দিরপাড় পুলিশ ফাঁড়ির ইনচার্জ উপপরিদর্শক (এসআই) সামছুদ্দিন ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন।

তিনি জানান, পটকা ফুটেছে শুনেছি। কে এমন করেছে জানি না। তবে এখন পরিস্থিতি শান্ত।